স্বর্গীয় সতীশচন্দ্র সরকার মহাশয়ের প্রতিষ্ঠিত

**হ্যানিম্যান হল**

মুর্শিদাবাদ জেলার আদি ও শ্রেষ্ঠতম হোমিও প্রতিষ্ঠান

হোমিওপ্যাথিক ও বাইওকেমিক ঔষধ কলিকাতার দরে বিক্রয় হয়। পাইকারী গ্রাহকদের বিশেষ সুযোগ ও সুবিধা দেওয়া হয় আমরা যত্নের সহিত ভি. পি. যোগে মফঃস্বলে ঔষধ সরবরাহ করি।

হোমিও পেটেন্ট **"আইওলিন"**

চক্ষু ওঠায় ফল সুনিশ্চিত।

হ্যানিম্যান হল, খাগড়া, মুর্শিদাবাদ

বিঃ দ্রঃ—কোন ব্রাঞ্চ নাই।



Registered
No. C. 853


# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


**বহরমপুর এক্সরে ক্লিনিক**

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।



৫১শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৭শে মাঘ বুধবার, ১৩৭১ ইং 10th Feb. 1965 | ৩৭শ সংখ্যা





'সকল ঘরের তরে..

**দীপ্তি লণ্ঠন**

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**

কেরোসিন কুকার

বিপুলতা আমাদের।

দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

**আর. পি. ওয়াচ কোং**

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

স্টুডেন্টস ফেভারিট

রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ

★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৭শে মাঘ বুধবার সন ১৩৭১ সাল।

## সারস্বত সম্মিলন

গত ২৫শে মাঘ সোমবার সন্ধ্যায় জঙ্গিপুর সহর সংলগ্ন ছোটকালিয়াই গ্রামে "অরবিন্দ পাঠাগারের" সভ্যগণের উদ্যোগে এক সারস্বত সম্মিলন হইয়া গিয়াছে। বহরমপুর কৃষ্ণনাথ কলেজের অধ্যক্ষ ডক্টর রামচন্দ্র পাল মহাশয় সভাপতির আসন অলঙ্কৃত করেন। শ্রীবিষ্ণু সরস্বতী মহাশয় সভা উদ্বোধন করেন। বেতারের গায়িকা শ্রীমতী মৈত্রেয়ী চৌধুরী কয়েকখানি গান গাহিয়া উপস্থিত জনমণ্ডলীকে মুগ্ধ করেন। শ্রীমুখোপাধ্যায়ের বংশীবাদন ও শ্রীমান্ বন্দ্যোপাধ্যায়ের হাস্য-কৌতুক খুব সুন্দর হইয়াছিল। বহরমপুরের 'জনমত' সম্পাদক শ্রীরাধারঞ্জন গুপ্ত সস্ত্রীক ও শ্রীতরুণ গোস্বামী মহাশয় এবং স্থানীয় ভদ্র মহোদয়গণ সভায় যোগদান করেন। সভা শেষে উদ্যোক্তাগণ অতিথিবর্গকে ভোজনে আপ্যায়িত করেন।

## বাণী বন্দনা

অন্যান্য বৎসরের ন্যায় এবারেও জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ সহরের প্রতি পল্লীতে ও অলিগলিতে মা সরস্বতীর প্রতিমা পূজা হইয়াছে। অধিকাংশ প্রতিষ্ঠানই সাধারণের নিকট চাঁদা সংগ্রহ করিয়া বাণী বন্দনা করিয়াছেন।

## কাপড়ের দোকানে চুরি

গত ২৬শে মাঘ রাত্রে রঘুনাথগঞ্জ বাজারপাড়ার শ্রীভোলানাথ চৌধুরীর কাপড়ের দোকানে সিঁদ কাটিয়া চোরে আনুমানিক তিন হাজার টাকার কাপড় লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

## ভক্তের বিদ্যা ফেরতে মায়ের জবাব

—০—



চারখানি পাশ ক'রে বাবু
কাটতে ভুলো (t) টির মাথা
(i) আই-এর ফুট্‌কি দিতে ভুলো
M. A. তুমি নও যা তা!
বাঙালী কেরাণী নও,
হয়ে গেছো হাফ সাহেব!
এই বিদ্যা দিতে তোমায়
সর্ব্বস্বান্ত পিতৃদেব!
বড় সাহেব রাগ করিলে
দুনিয়া দেখ অন্ধকার!
ক্যাস ভেঙেছো শোনেন যখন
ব'লে ওঠেন ড্যাম্ শূয়ার।
বড় বাবুর চরণ ধরে
যখন তখন মাখাও তেল।
তাঁর হাতে যে টাকার হিসাব—
টান্‌বে ঘানি খাটবে জেল।
পাশের কাগজ চারখানিতে
বিদ্যা বুঝি ফেরত হয়?
ওতে আছে নাম লেখা তোর—
এতেও আছে জেলের ভয়।

—:০:—

মনে করিওনা দুঃখ
সত্যকথা হবে রুক্ষ
সূক্ষ্মভাবে ভেবে দেখ মনে—
আমি বিদ্যা-অধিষ্ঠাত্রী,
নহি কিন্তু বিত্ত-দাত্রী,
মোরে দোষী কর কি কারণে?

দেবদেবী আছে যত,
ভিন্ন ভিন্ন কার্য্যে রত,
ডিপার্টমেণ্ট ভাগ করা আছে—
লেখাপড়া গীতবাদ্য
শেখানো আমার সাধ্য
আর কিছু নাই মোর কাছে।
ধন ধান্য চাহে যেবা,
লক্ষ্মীর করুক সেবা
ট্রেজারী ডিপার্টমেণ্ট তাঁর
সে যদি আদেশ করে
পৌঁছাইয়া দিবে ঘরে
যক্ষরাজ—কুবের পোদ্দার।
আমার ডিপ্লোমা বলে
কোনরূপে দিন চলে,
শাক অন্ন হয় কায় ক্লেশে
যদি বাড়ে পরিবার
খাইবার পরিবার
অবশ্য হইবে কষ্ট শেষে।
আফসোসে কিবা হবে?
বৌ মারে আনো যবে
প্রজাপতি দেব করুণায়
ডিপ্লোমার জোরে মোর,
কত টাকা বাবা তোর
নিয়েছিল বধিয়া বেয়াই!
সে টাকার সুদ ধরো,
বেতনটি যোগ করো
কম টাকা হবে না তাহাতে—
তা না ক'রে টাকাগুলি
উড়াইলে যেন ধূলি,
প্রোসেসনে আর বৌ-ভাতে!
পরের চোকের জল
ফেলার ফলিল ফল
থাকিল না ব্যাটা বেচা টাকা।
অন্য লোকে দুঃখ দিয়ে,
কাটাইয়া তার হিয়ে
দেখেছ কি কারো সুখে থাকা?
জোটায়ে আমি তোমায়
দিই নাই বৌ-মায়,
ঘটন ঘটালে প্রজাপতি

কাচ্চা-বাচ্চা একপাল
জুটাইয়া যে জঞ্জাল,
ষষ্ঠী দেবী দিল এ দুর্গতি।
ভোগ ও বিলাস আদি
সে সব তো কৃত ব্যাধি
গতানুগতিক হ'য়ে নিলে।
চা, চুরুট আদি যত
ফ্যাসান শিখিয়া কত
ডুবে মরো স্বখাদ সলিলে।
আর দেখ চারি যুগে,
মোর ভক্তগণ ভুগে,
দৃষ্টান্ত রয়েছে বহু তার।
বেদব্যাস, কালিদাস
কাশীরাম কৃত্তিবাস,
সুখে দিন চলেছে কাহার?
দরিদ্র মাইকেল মধু
কষ্টে দিন কাটি শুধু
তনু ত্যাগ করে হাসপাতালে;
পুত্র মোর হেমচন্দ্র—
সেও হ'য়েছিল অন্ধ,
সুখ পেয়েছিল কোন্ কালে?
সুকবি রজনীকান্ত
তাহারও হলো দেহান্ত
মেডিক্যাল কলেজ কটেজে।
আমার সেবক যারা,
অভাবে ভুগিছে তারা,
আমারই অদৃষ্ট বাপ সে যে।

---

## রক্তপিপাসু রাস্তা

জঙ্গিপুর রোড রেল ষ্টেশন জঙ্গিপুর মহকুমার সদর ষ্টেশন। প্রতি ট্রেণে এখান হইতে বহু যাত্রী যাতায়াত করিয়া থাকেন। ষ্টেশন হইতে হাই রোড পর্য্যন্ত রাস্তা দিয়া সাইকেল, রিক্সা প্রভৃতি যানবাহন চলাচল করা ক্রমশঃ দুরূহ হইয়া পড়িতেছে। রেল কর্ত্তৃপক্ষের নিকট আবেদন নিবেদন করিয়াও কোন ফল হইতেছে না। এই রাস্তা মেরামতে অবহেলার কারণ কি তাহা কর্ত্তারাই জানেন। তবুও আমরা এই রাস্তার প্রতি বিভাগীয় কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## আঞ্চলিক পরিষদের নির্ব্বাচন

বিগত ৩১শে জানুয়ারী রবিবার সাগরদীঘি থানার আঞ্চলিক পরিষদের নির্ব্বাচন হইয়াছে। বালিয়া অঞ্চলের প্রধান নওপাড়া নিবাসী শ্রীকামাখ্যাপদ মুখোপাধ্যায় মহাশয় সভাপতি ও কাবিলপুরের আবদুল হামিদ বিশ্বাস সাহেব সহ-সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

---

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

১২৫/৬৪ অন্য

বাদী —আমুহা গ্রামবাসীগণ পক্ষে শ্রীকরুণাসিন্ধু দাস দিং

বিবাদী—শ্রীনকড়িলাল দাস দিং

উপরোক্ত নম্বর মোকর্দ্দমায় শ্রীকরুণাসিন্ধু দাস দিং বিবাদীগণের বিরুদ্ধে যাহাতে তাহারা আমুহা মৌজার ৫৫০নং দাগের রাস্তায় প্রাচীর উত্তোলন করিয়া রাস্তার পরিসর কমাইয়া সেখানে যাতায়াতের কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে না পারেন বা সেখানে কোন প্রকার অবরোধ সৃষ্টি করিতে না পারেন তদ্‌বাবত তাহাদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় আমুহা গ্রামবাসীগণের পক্ষে মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমায় কেহ বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিলে আদালতের আদেশ মতে বাদী শ্রেণীভুক্ত হইতে পারেন।

By Order of the Court
Sd/- B. B Ghosh,
Sharistader, Munsif's 1st Court,
Jangipur

---

## বিজ্ঞপ্তি

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

১৮৪/৬৪ অন্য

বাদী—জালাদীপুর গ্রামের জনসাধারণের পক্ষে শ্রীশ্রীনন্দন দাস

বিবাদী—শ্রীশ্রীপতিনাথ দাস দিং

উপরোক্ত নম্বর মোকর্দ্দমায় শ্রীশ্রীনন্দন দাস পিতা ৺গৌরচন্দ্র দাস সাং জালাদীপুর ডিঃ সমসেরগঞ্জ বিবাদীগণের বিরুদ্ধে যাহাতে তাহারা জালাদীপুর মৌজার ৮৮/১নং খতিয়ানের ১৮৫ দাগের যাতায়াতের রাস্তায় প্রাচীর উত্তোলন করিয়া রাস্তার পরিসর কমাইয়া সেখানে যাতায়াতের কোন প্রকার বাধা বিঘ্ন সৃষ্টি করিতে না পারেন বা সেখানে কোন প্রকার অবরোধ সৃষ্টি করিতে না পারেন তদ্বাবত তাহাদের বিরুদ্ধে চিরস্থায়ী নিষেধাজ্ঞার প্রার্থনায় ও স্বত্ব সাব্যস্থে তাহাদিগকে উচ্ছেদপূর্ব্বক জালাদীপুর গ্রামের জনসাধারণ পক্ষে মোকর্দ্দমা আনয়ন করিয়াছেন। উক্ত মোকর্দ্দমায় কেহ বাদী শ্রেণীভুক্ত হইতে ইচ্ছা করিলে আদালতের আদেশ মতে বাদী শ্রেণীভুক্ত হইতে পারেন।

By Order
Sd/- H. K. Roy
Sharistader, 2nd. Munsif's Court
8. 2. 65 Jangipur.

---

## আবশ্যক

রঘুনাথগঞ্জ—১ আঞ্চলিক পরিষদের জন্য নিম্নলিখিত পদে লোক আবশ্যক। ২০।২।৬৫ তারিখের মধ্যে নিম্নলিখিত স্থানে দরখাস্ত পৌছান চাই। দরখাস্তের সঙ্গে সমস্ত প্রশংসা-পত্রের নকল দেওয়া আবশ্যক।

১। টাইপ জানা করণিক। বেতন ১২৫—৩—১৪০—৪—২০০ যোগ্যতা অন্ততঃ স্কুল ফাইনাল পাশ বা তার সমতুল পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চাই। বয়স ১।২।৬৫ তারিখে ২৩ হইতে ৩০ এর মধ্যে হওয়া আবশ্যক।

২। অফিস পিওন। বেতন ৬০—½—৬৫—১—৭৫ বয়স ১।২।৬৫ তারিখে ১৮ হইতে ২৩ এর মধ্যে হওয়া চাই। যোগ্যতা—সাইকেল জানা এবং অষ্টম শ্রেণী পর্যন্ত পড়া চাই।

দরখাস্তকারীকে অবশ্যই ভারতীয় নাগরিক হইতে হইবে।

স্বাক্ষর/- দেবব্রত বসু
ব্লক ডেভেলপ্‌মেণ্ট অফিসার
৯।২।৬৫ রঘুনাথগঞ্জ—১
পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের
**আমলা** কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## চ্যবনপ্রাশ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

জঙ্গিপুর সংবাদ সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২'২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।